

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২৪/০৩/২০১৯ খ্রিষ্টাব্দ

### বাংলাদেশ জাতীয় জাদুঘরে গণহত্যা দিবস ২০১৯ উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠানের আয়োজন

গণহত্যা দিবস ২০১৯ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ২৫ মার্চ ২০১৯, সোমবার বিকাল ৪:০০ টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করেছে।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহণ করবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. মো. আবু হেনা মোস্তফা কামাল এনডিসি, আন্তর্জাতিক খ্যাতিমান ফোকলোরবিদ ও কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু অধ্যাপক শামসুজ্জামান খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু অধ্যাপক ড. মুনতাসীর মামুন এবং বিশিষ্ট মুক্তিযোদ্ধা লে: কর্নেল (অব:) কাজী সাজ্জাদ আলী জহির বীরপ্রতীক।

অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি শিল্পী হাশেম খান।

অনুষ্ঠানটির সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

ঢাকা